# আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ 88 : 8১

## আরবি মূল আয়াত:

يَوۡمَ لَا يُغۡنِى مَوۡلًى عَن مَّوۡلًى شَيۡـًٔا وَّ لَا هُمۡ يُنصَرُوۡنَ ﴿٤١﴾

## অনুবাদসমূহ:

সেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসবে না এবং তারা সাহায্যপ্রাপ্তও হবে না। — আল-বায়ান

যেদিন বন্ধু বন্ধুর কোন উপকারে আসবে না, আর তাদেরকে সাহায্যও করা হবে না। — তাইসিরুল

যেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসবেনা এবং তারা সাহায্যও পাবেনা। — মুজিবুর রহমান

The Day when no relation will avail a relation at all, nor will they be helped -
— Sahih International

8১. সেদিন এক বন্ধু অন্য বন্ধুর কোন কাজে আসবে না এবং তারা সাহায্যও পাবে না।

-

তাফসীরে জাকারিয়া

(8১) সেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসবে না এবং ওরা সাহায্যপ্রাপ্ত হবে না। [1]

[1] যেমন অন্যত্র বলেছেন,فَإِذَ نُفِخَ فِي الصُّوْرِ فَلاَ أَنْسَابَ بَيْنَهُمْ অর্থাৎ, যেদিন শিংগায় ফুৎকার দেয়া হবে সেদিন পরস্পরের মধ্যে আত্মীয়তার বন্ধন থাকবে না এবং একে অপরের খোঁজ-খবরও নিবে না। (সূরা মু’মিনূন ১০১) তিনি আরো বলেছেন, وَلاَ يُسْئَلُ حَمِيْمٌ حَمِيْمًا অর্থাৎ, সুহৃদ সুহৃদের খবর নিবে না। (সূরা মা'আরিজ ১০ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4455

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন